কালের কণ্ঠ

তারিখ 14 JAN 2015
পৃষ্ঠা ২০ কলাম ৩

## আরো ৩৩ হাজার

▶▶ শেষ পৃষ্ঠার পর

সভায় তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি) শিরোনামের প্রকল্পটি সংশোধিত আকারে অনুমোদন দেওয়া হয়। এর আগে ২০১১ সালে যখন প্রকল্পটি অনুমোদিত হয়েছিল, ওই সময় প্রায় ৪৮ হাজার শিক্ষক নিয়োগের কথা উল্লেখ ছিল। সম্প্রতি নতুন স্কুল প্রতিষ্ঠিত হওয়া ও শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত কমিয়ে আনতে আরো ৩৩ হাজার শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে সরকার। গতকালের একনেক সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভাপতিত্ব করেন।

সভা শেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল সাংবাদিকদের বলেন, তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি) প্রকল্পটি ২০১১ সালের আগস্টে যখন প্রথম অনুমোদিত হয় তখন এর ব্যয় ধরা হয়েছিল ২২ হাজার ১৯৬ কোটি টাকা। সংশোধিত প্রকল্প হিসেবে একনেক সভায় অনুমোদিত হওয়ার পর এর ব্যয় নির্ধারণ করা হয়েছে ১৮ হাজার ১৫৪ কোটি টাকা। অর্থাৎ চার হাজার ৪২ কোটি টাকা ব্যয় কমানো হয়েছে। এর কারণ হিসেবে পরিকল্পনামন্ত্রী বলেন, মূল অনুমোদিত প্রকল্পে উপবৃত্তি কর্মসূচি এবং শিক্ষার জন্য খাদ্য কর্মসূচিতে যথাক্রমে তিন হাজার ৩৫১ কোটি টাকা ও এক হাজার ৯৫৭ কোটি টাকা বরাদ্দ ছিল। কিন্তু এ দুটি কর্মসূচির জন্য আলাদা প্রকল্প নেওয়া হয়েছে। এ জন্য সংশোধিত প্রকল্প থেকে এ দুটি কর্মসূচি বাদ গেছে। ফলে ব্যয় কমে এসেছে।

প্রকল্পটির বাস্তবায়নকাল ২০১৬ থাকলেও গতকালের সভায় তা ডিসেম্বর ২০১৭ পর্যন্ত বাড়ানো হয়েছে।

পরিকল্পনামন্ত্রী জানান, গতকালের একনেক সভায় ১৮ হাজার ৪০৪ কোটি টাকার পাঁচটি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে সরকারের নিজস্ব তহবিল থেকে ১৪ হাজার ২১২ কোটি এবং বৈদেশিক ঋণ বাবদ চার হাজার ১৯২ কোটি টাকা জোগান দেওয়া হবে।

অনুমোদিত অন্য প্রকল্পগুলো হলো ৭৪ কোটি টাকা ব্যয়ে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন প্রকল্প। ২০১৮ সালের মধ্যে এর কাজ শেষ করার কথা। ৬০০ আসনের ছাত্রী হল, ড. ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা ইনস্টিটিউট স্থাপন, কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং ইলেকট্রনিকস ও টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে গবেষণা ল্যাবরেটরিও এ প্রকল্পের আওতায় স্থাপিত হবে। ৬৫ কোটি টাকা ব্যয়ে ভোলায় একটি টেক্সটাইল ইনস্টিটিউট নির্মাণ প্রকল্প, ৭৯ কোটি টাকায় রাজশাহী ও চট্টগ্রামে আধুনিক প্রশিক্ষণ সুবিধাদিসহ দুটি ক্রীড়া স্কুল প্রতিষ্ঠা এবং ৩২ কোটি টাকা ব্যয়ে চুয়াডাঙ্গায় একটি শিল্পনগরী প্রকল্প একনেকে অনুমোদন দেওয়া হয়েছে।

# আরো ৩৩ হাজার শিক্ষক নিয়োগ হবে

### একনেকে পাঁচ প্রকল্প অনুমোদন

নিজস্ব প্রতিবেদক ▷

আরো ৩৩ হাজার শিক্ষক নিয়োগের প্রস্তাব অনুমোদন করেছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। গতকাল মঙ্গলবার রাজধানীর শেরেবাংলানগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত

▶▶ পৃষ্ঠা ৮ ক. ১